“সিলেট জেলার ফেঞ্চুগঞ্জ উপজেলার উত্তর কুশিয়ারা ইউনিয়নের প্রবাসী ভোটারদের ভোটার নিবন্ধন ও জাতীয় পরিচয়পত্র সংক্রান্ত সেবা সহজীকরণ পাইলটিং প্রকল্প।”

- উদ্যোগী কর্মকর্তার নাম: মোঃ মাহবুবুল আলম
- পদবিঃ উপজেলা নির্বাচন অফিসার
- কর্মস্থল: ফেঞ্চুগঞ্জ, সিলেট



# কারণ ও ফলাফল

- **দীর্ঘদিন** পর স্বদেশে আসার পর এই দেশের যে কোন সেবা পেতে জাতীয় পরিচয়পত্র প্রয়োজন হয় বিধায় এন আইডি করতে আগ্রহী হন। কিন্তু এই সংক্রান্ত কোন অভিজ্ঞতা না থাকায় দালাল শ্রেণি এই সুযোগ গ্রহণ করে। ফলে হয়রানির স্বীকার হতে হয়।
- এছাড়া যারা প্রবাসে অবস্থান করছেন তারা ওই দেশ থেকেই বায়োমেট্রিক প্রদান ও অন্যান্য ডকুমেন্ট এর মাধ্যমে আবেদন করে থাকেন। কিন্তু পর্যাপ্ত যোগাযোগ ও সমন্বয়হীনতার কারণে আবেদন নিষ্পত্তিতে বিলম্ব হয়।
- বিদেশে কর্মসংস্থানের জন্য গমনের উদ্দেশ্যে পাসপোর্ট করার জন্যে এন আইডি প্রয়োজন। ফলে অতি দ্রুত এনআইডি কার্ড প্রাপ্তির লক্ষ্যে তারা দালাল শ্রেণীর দারস্থ হয় এবং যথারীতি হয়রানির স্বীকার হয়।

# কারণ ও ফলাফল

- ২০২৩ সালে নির্বাচন কমিশনের তথ্য অনুযায়ী, মাত্র ১.৫ লাখ প্রবাসী ভোটার নিবন্ধিত, অথচ প্রবাসী বাংলাদেশীর সংখ্যা ১ কোটির বেশি।
- প্রবাসী অনেকেই জানেন না যে তারা বিদেশ থেকে ভোটার হতে পারেন বা এনআইডি হালনাগাদ করতে পারেন। ফলে ভোটার হতে কী কী কাগজপত্র লাগে সে সম্বন্ধে ধারণা নেই।
- SOP অনুযায়ী প্রয়োজনীয় কী কী কাগজ লাগে সে সম্বন্ধে ধারণা নেই।
- NID সংশোধন করতে অনলাইনে আবেদন প্রক্রিয়া।
- অনলাইন সংক্রান্ত তদন্ত প্রতিবেদন প্রক্রিয়া।
- প্রয়োজনীয় কাগজপত্র (পাসপোর্ট, বিদেশে থাকার প্রমাণপত্র ইত্যাদি) ডিজিটালভাবে জমা দেওয়ার ব্যবস্থা।



# সংস্কার উদ্যোগের বর্ণনা

- প্রবাসী সেবা কর্নার স্থাপন। এই কর্নার হতে প্রবাসীরা নতুন ভোটার এবং জাতীয় পরিচয়পত্র সংক্রান্ত যাবতীয় সেবা পাবেন।
- লিফলেট বিতরণ
- মাইকিং
- সিটিজেন চার্টার (অফিসের এবং ইউনিয়ন পরিষদে স্থাপন)
- শিক্ষা প্রতিষ্ঠানে প্রচারণা
- মসজিদে প্রচারণা
- ইউনিয়ন পর্যায়ে মতবিনিময় সভা



# সংস্কার উদ্যোগের বর্ণনা

- অফিসের অভিযোগ বক্স এবং পরামর্শ বক্স স্থাপন
- অফিসের একজন সহকর্মীকে তথ্য দেওয়ার জন্য নিয়োগ দেওয়া এবং জনগণের সেবাপ্রাপ্তির রেজিস্ট্রার সংরক্ষণ
- পাবলিক হেয়ারিং



# ফলাফল

- জনগন সচেতন হবে। বিশেষ করে বিদেশে গমনে ইচ্ছুক ও প্রবাসী বাঙালি যারা এখনও ভোটার হননি তারা মূল সুবিধা ভোগ করবে।
- রেমিটেন্স এর প্রবাহ আরো বেগবান হবে।
- নতুন ভোটার বাড়বে।
- প্রবাসী ভোটারদের অংশগ্রহণ বৃদ্ধি পেলে বাংলাদেশের নির্বাচনী প্রক্রিয়ায় তাদের ভূমিকা আরও শক্তিশালী হবে। এই ধরনের প্রকল্প দেশের ডিজিটাল রূপান্তরেরও অংশ।
- NID সংশোধন প্রক্রিয়া সহজ ও জনগনের ভোগান্তি কমবে।
- জটিল প্রকৃতির NID সংশোধন সম্পর্কে জানতে পারবে।



# ফলাফল

- জনগনের আর্থিক ক্ষতি কম হবে।
- জনগনের সময় নষ্ট হবে না।
- অযৌক্তিক সংশোধনের হার কমবে।



# সংস্কার উদ্যোগের প্রস্তাবিত পরিসংখ্যান

- **ক) পাইলট সংস্কার উদ্যোগের শিরোনাম**: সিলেট জেলার ফেঞ্চুগঞ্জ উপজেলার উত্তর কুশিয়ারা ইউনিয়নের প্রবাসী ভোটারদের ভোটার নিবন্ধন ও এনআইডি সংক্রান্ত সেবা সহজীকরণ পাইলটিং প্রকল্প।
- (খ) কোন্ প্রতিষ্ঠান উদ্যোগটি বাস্তবায়ন করবে? উপজেলা নির্বাচন অফিসারের কার্যালয়, ফেঞ্চুগঞ্জ, সিলেট।
- (গ) কোথায় পাইলটিং হবে? উত্তর কুশিয়ারা ইউনিয়ন, ফেঞ্চুগঞ্জ, সিলেট।



# সংস্কার উদ্যোগের প্রস্তাবিত পরিসংখ্যান

- **ঘ)**পাইলটিং বিবেচনার যৌক্তিকতা কী?
- সিলেট জেলার ফেঞ্চুগঞ্জ উপজেলা একটি প্রবাসী অধ্যুষিত এলাকা। উপজেলার প্রতিটি ইউনিয়নে বিপুল সংখ্যক প্রবাসীর বসবাস । বিশেষ করে ৪ নং উত্তর কুশিয়ারা ইউনিয়নের সকল গ্রামের প্রায় প্রতিটি বাড়িতেই একাধিক মানুষ কর্মসূত্রে বিদেশে অবস্থান করেন। এছাড়া নতুন করে কর্মসংস্থানের জন্য প্রতিনিয়ত বিদেশে যাওয়ার প্রক্রিয়াতেও অনেকে যুক্ত আছেন। এধরনের জনগণ খুব অল্প সময়ের মধ্যে জাতীয় পরিচয়পত্র পেতে চান। কিন্তু জাতীয় পরিচয়পত্র পাওয়ার প্রক্রিয়ার বিষয়ে বেশিরভাগ জনগণই ওয়াকিবহাল নয়। এই ধরণের জনগণদের এই প্রকল্পে অন্তর্ভুক্ত করা এই পাইলটিং এর উদ্দেশ্য।



# সংস্কার উদ্যোগের প্রস্তাবিত পরিসংখ্যান

- এছাড়া বর্তমানে জাতীয় পরিচয়পত্র আছে এমন বহু সংখ্যক ভোটার তাদের বিদেশের কাগজপত্রের সাথে মিল করণের জন্য বর্তমান আইডি কার্ডের আমূল পরিবর্তন চান। এই ধরনের সেবা প্রার্থীদের আলাদাভাবে দ্রুত সেবা দেয়াও এই উদ্যোগের উদ্দেশ্য।
- পাইলটিং কখন শুরু এবং কখন সমাপ্ত হবে?১লা জুলাই ২০২৫ থেকে ৩০ সেপ্টেম্বর ২০২৫



# পাইলট বাস্তবায়নের সাথে কারা-কারা সম্পৃক্ত হবেন এবং তাদেরকে কীভাবে কাজে লাগানো যাবে? (Stakeholder Analysis & their Management)

| ক্রমিক | রিসোর্স | প্রয়োজনীয় সহায়তা |
|---|---|---|
| ০১ | উপজেলা নির্বাচন অফিসার | প্রকল্পের মূল সমন্বয়ক হিসেবে দায়িত্ব পালন করবেন |
| ০২ | সহকারী উপজেলা নির্বাচন অফিসার | অপারেটরদের কারিগরি সহায়তা প্রদান করবেন |
| ০৩ | জনপ্রতিনিধি | প্রবাসীদের পরিবারের সদস্যদের সাথে যোগাযোগ করে অনলাইন নিবন্ধনে উৎসাহিত করা। এছাড়া স্থানীয় জনগণ, প্রবাসীদের পরিবার ও প্রশাসনের মধ্যে সমন্বয় করা |
| ০৪ | গণমাধ্যমকর্মী | প্রবাসীদের মধ্যে প্রকল্প সম্পর্কে তথ্য প্রচার (সোশ্যাল মিডিয়া, ওয়েবিনার এর মাধ্যমে)। |
| ০৫ | স্থানীয় শিক্ষক | স্কুল-কলেজে প্রবাসী ভোটার নিবন্ধনের গুরুত্ব বিষয়ে সচেতনতামূলক ক্লাস বা সেমিনার আয়োজন করা। |



# পাইলট সংস্কার বাস্তবায়নে বিভিন্ন ধরনের রিসোর্স কিভাবে কী প্রয়োজনে লাগানো হবে

| ক্রমিক | রিসোর্স পারসন | প্রয়োজনীয় সহযোগিতা |
|---|---|---|
| ০১ | উপজেলা নির্বাচন অফিসার | মূল সমন্বয়কারী হিসেবে তার নিজ অফিসের সহকর্মী, স্থানীয় সাংবাদিক, স্থানীয় জনপ্রতিনিধিদের সাথে পুরো প্রক্রিয়া সম্বন্ধে মত বিনিময় করা। |
| ০২ | ডাটা এন্ট্রি অপারেটর | কারিগরি সহায়তা প্রদান এবং এর অংশ হিসেবে সেবাপ্রার্থীকে ওয়ান সস্টপ সার্ভিস প্রদান। এছাড়া প্রবাসীদের প্রেরিত ডকুমেন্ট (পাসপোর্ট কপি, জন্ম সনদ) যাচাই করে স্থানীয়ভাবে ডাটা এন্ট্রি সম্পন্ন করা। |
| ০৩ | জনপ্রতিনিধি | এলাকাভিত্তিক জনগণকে উক্ত সেবার ব্যপারে অবগত করা |
| ০৪ | গণমাধ্যম কর্মী | ইলেক্ট্রনিক ও প্রিন্টিং মিডিয়াতে উক্ত সেবা সম্বন্ধে ব্যপকভাবে প্রচার। |



# সংস্কার উদ্যোগটি বাস্তবায়নের লক্ষ্যে বিস্তারিত কার্যক্রম

| ক্রমিক | কার্যক্রম | দায়িত্ব | সময়সীমা | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | প্রবাসী ভোটারদের জন্য ও বিদেশগামি ভোটারদের জন্য পৃথক সেবা কর্নার চালু করা | উপজেলা নির্বাচন অফিসার | ৭/০৭/২৫ | |
| ২ | মাইকিং, শিক্ষা প্রতিষ্ঠানে প্রচারণা ও ইউনিয়ন পর্যায়ে মতবিনিময় সভা | মনিটরিং টিম | ১/০৭/২৫ হতে ২১/০৭/২৫ | |
| ৩ | কার্যালয়ে অভিযোগ ও পরামর্শ বক্স স্থাপন ও সেবা প্রাপ্তির রেজিস্টার সংরক্ষণ | উপজেলা নির্বাচন অফিসার | ৭/০৭/২৫ | |
| ৪ | কোন সেবার জন্য কী ডকুমেন্ট প্রয়োজন প্রবাসী কর্নার হতে সেই সংক্রান্ত তথ্য সরবরাহ করা | ডাটা এন্ট্রি অপারেটর | ১/০৭/২৫ হতে ৩০/০৯/২৫ | |
| ৫ | টেকনিকাল ও লজিস্টিক সাপোর্ট | উপজেলা নির্বাচন অফিসার, ডাটা এন্ট্রি অপারেটর | ১/০৭/২৫ হতে ৩০/০৯/২৫ | |
| ৬ | প্রকল্পের অগ্রগতি মনিটরিং করতে সাপ্তাহিক সমন্বয় সভা আয়োজন করা | উপজেলা নির্বাচন অফিসার, টিম সদস্য | প্রতি সপ্তাহের মঙ্গলবার | |

# পাইলট সংস্কার উদ্যোগটি এগিয়ে নিয়ে যাওয়া, এর বন্ধ হওয়া রোধ করা, অভীষ্ট গ্রুপের নিকট এটিকে জনপ্রিয় করা, মনিটরিং কার্যক্রম এবং এর রেপ্লিকেট/রোলিং আউটসহ টেকসইকরণ বিষয়ে কী কী কৌশল গ্রহণ করা হবে

- ফেসবুক পেজ/ইমেইলের মাধ্যমে প্রবাসীদের কাছে প্রকল্পের আপডেট পাঠানো।
- প্রবাসী বা তাদের পরিবারের সদস্যদের কাছ থেকে প্রকল্প সংক্রান্ত অভিযোগ শুনে তা দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা করা
- সফলতা ও চ্যালেঞ্জ সম্পর্কে মাসিক রিপোর্ট তৈরি করে ঊর্ধ্বতনকে জানানো।
- একটি হটলাইন নম্বর বা হোয়াটসঅ্যাপ গ্রুপ চালু করে রিয়েল-টাইম কমিউনিকেশন।



# ধন্যবাদ

